# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## দিনাজপুর বোর্ড-২০১৭

### বিষয় : ভূগোল: দ্বিতীয় পত্র (সৃজনশীল)

বিষয় কোড : ১২৬

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

**১.▶** রিমা ও সবিতা ঢাকাতে গৃহকর্মী হিসাবে কাজ করতো। ঢাকাতে গ্যাসের চুলাতে গ্যাস পাইপের মাধ্যমে সংযোগ ছিল। গৃহকর্মে গ্যাস ব্যবহারে নিয়ন্ত্রণ ছিল না। তারা কাতারে গৃহকর্মী হিসাবে কাজ করতে গিয়ে দেখলো ওখানে সকলে গ্যাস সিলিন্ডার ব্যবহার করে। কিন্তু তারা জেনেছে ঐ দেশে গ্যাসের মজুদ অনেক বেশি।


ক. পৃথিবীর সবচেয়ে বেশি পরিমাণে কয়লা উৎপাদন করে কোন দেশ? ১

খ. সিলেটে গ্যাস প্রাপ্তির আধিক্যের কারণ লিখ। ২

গ. রিমা ও সবিতার বৈদেশিক কর্ম এলাকা ও তার পার্শ্ববর্তী দেশসমূহের প্রাকৃতিক গ্যাস মানচিত্র দেখাও। ৩

ঘ. রিমা ও সবিতার নিজদেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত খনিজের দীর্ঘমেয়াদে ব্যবহার কিভাবে নিশ্চিত কর যায়— বিশ্লেষণ কর। ৪

**২.▶**




Teachingbd.com

ক. অভিগমনের সংজ্ঞা দাও। ১

খ. শিল্পোন্নয়নের জন্য অভ্যন্তরীণ অভিগমন ঘটে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে 'ক' দেশসমূহের জনসংখ্যার জনমিতিক উপাদান ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'খ' দেশসমূহের বয়স-লিঙ্গ কাঠামো ক-এর অনুরূপ আনতে গৃহীত পদক্ষেপসমূহ বিশ্লেষণ কর। ৪

**৩.▶**



ক. মিশ্র কৃষি কাকে বলে? ১

খ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কৃষির গুরুত্ব অপরিসীম— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'ক' অঞ্চলে কৃষির ভৌগোলিক কোন নিয়ামকসমূহ বেশী প্রভাব বিস্তার করে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'খ' অঞ্চলে ব্যাপকভাবে উৎপাদিত খাদ্যশস্যটির আন্তর্জাতিক বাণিজ্য বিশ্লেষণ কর। ৪

৪.▶ মি. এ্যালেক্স যুক্তরাষ্ট্রের হ্রদ অঞ্চলে অবস্থিত একটি ভারী শিল্পের মালিক। সম্প্রতি তিনি বাংলাদেশে ভ্রমণে এসে এদেশের সর্বোচ্চ রপ্তানি আয় অর্জনকারী একটি কারখানা পরিদর্শন শেষে উক্ত শিল্পে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেন।


ক. শিল্পের সংজ্ঞা দাও। ১

খ. বাংলাদেশ বর্তমানে ঔষধ আমদানীর পরিবর্তে রপ্তানি করে— ব্যাখ্যা কর। ২

গ. এলেক্সের মালিকানাধীন শিল্পের গঠনের নিয়ামক ব্যাখ্যা কর। ৩

ঘ. এলেক্সের বাংলাদেশে বিনিয়োগের কারণ বিশ্লেষণ কর। ৪

৫.▶




ক. মানব সৃষ্ট দূষণ কাকে বলে? ১

খ. শিল্প বর্জ্য বুড়িগঙ্গার পানি দূষণের অন্যতম কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' অঞ্চলের প্রাকৃতিক দুর্যোগের সম্ভাব্য প্রভাব ব্যাখ্যা কর। ৩


ঘ. উদ্দীপকে 'খ' অঞ্চলে সংগঠিত দুর্যোগসমূহ সংঘটনের কারণ ও ক্ষতিগ্রস্ত জনগণকে রক্ষার উপায় বিশ্লেষণ কর। ৪

৬.▶ হাবীব সাহেব স্বাধীনতার পর তৎকালীন সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা অর্জনকারী একটি কৃষিজাত পণ্য রপ্তানি করতেন। কৃষিজাত পণ্যটির রপ্তানি হ্রাস পাওয়ায়, বর্তমানে তিনি সর্বোচ্চ রপ্তানিকারক অপর একটি শিল্পজাত পণ্য রপ্তানি করছেন।

http://teachingbd.com

ক. আন্তর্জাতিক বাণিজ্য বলতে কি বুঝ? ১
খ. বাংলাদেশের উপর মুক্তবাজার অর্থনীতির প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কৃষিজাত পণ্যটির অর্থনৈতিক গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. হাবীব সাহেবের রপ্তানি পণ্য পরিবর্তন করার কারণ বিশ্লেষণ কর। ৪

৭. ▶




ক. BADC-এর পূর্ণরূপ লিখ। ১
খ. অভিগমনের সাথে সংস্কৃতির কিছুটা পরিবর্তন লক্ষণীয়— ব্যাখ্যা কর। ২
গ. 'খ' চিত্রের জনসংখ্যার ধরন সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' ও 'গ' চিত্রের জনসংখ্যার ধরনের পার্থক্যের কারণ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৮. ▶

যোগাযোগ কেন্দ্রসমূহের নাম

| ক | খ | গ |
|---|---|---|
| পোড়াদহ | আখাউড়া | |
| | কমলাপুর | চালনা |
| পার্বতীপুর | | |
| | টঙ্গী | চট্টগ্রাম |
| সৈয়দপুর | | |
| | সিলেট | পায়রা |
| রাজশাহী | | |
| ঈশ্বরদী | ভৈরব | |

ক. বাংলাদেশের জনশক্তি আমদানীকারক একটি দেশের নাম লিখ। ১
খ. দেশের সার্বিক উন্নয়নে যোগাযোগ ব্যবস্থার ভূমিকা গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা কর। ২
গ. ক ও খ কলামের স্থানসমূহের যোগাযোগ ব্যবস্থার ধরনের পার্থক্য ব্যাখ্যা কর। ৩
ঘ. ক ও খ কলামের যোগাযোগ কেন্দ্রসমূহের মাধ্যম অপেক্ষা গ কলামের যোগাযোগ কেন্দ্রসমূহের পরিবহন মাধ্যম শিল্প বিকাশে অধিক কার্যকরী বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## বিষয় : ভূগোল: দ্বিতীয় পত্র

| বিষয় কোড: | ১ | ২ | ৬ |
|---|---|---|---|

সময় — ২৫ মিনিট

### বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. পৃথিবীর প্রধান গম উৎপাদনকারী দেশ কোনটি?**
ক) রাশিয়া খ) যুক্তরাষ্ট্র
গ) ভারত ঘ) গণচীন

**২. বাংলাদেশের শ্রমশক্তি বিদেশে প্রেরণ করা হয় কোন সাল থেকে?**
ক) ১৯৭৩ খ) ১৯৭৪
গ) ১৯৭৫ ঘ) ১৯৭৬

**৩. কার্পাস বয়নশিল্পে বিশ্বের শীর্ষস্থানীয় দেশ কোনটি?**
ক) যুক্তরাষ্ট্র খ) জাপান
গ) ভারত ঘ) চীন

**৪. OPEC প্রতিষ্ঠার উদ্যোক্তা রাষ্ট্র কোনটি?**
ক) ইরাক খ) ইরান
গ) ইন্দোনেশিয়া ঘ) ভেনিজুয়েলা

**৫. যুক্তরাষ্ট্রের হ্রদ অঞ্চলে কোন শিল্প বেশি গড়ে উঠেছে?**
ক) কার্পাস বয়ন খ) লৌহ ও ইস্পাত
গ) তৈরি পোশাক ঘ) ঔষধ প্রস্তুতি

**৬. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত কোন জেলায়?**
ক) নাটোর খ) যশোর
গ) খুলনা ঘ) পাবনা

**৭. "ইগলু" কাদের বাসগৃহ?**
ক) মাউরি খ) নরম্যান
গ) ফ্রিমান ঘ) এস্কিমো

**নিচের উদ্দীপকটির আলোকে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :—**

শরিফুল বাংলাদেশের উপকূলীয় একটি জেলায় ব্যাংকে চাকুরী করে। একদিন সে বিকালে বেড়াতে গিয়ে নিচে উন্মুক্ত তিন তলা বিশিষ্ট বিল্ডিং দেখতে পায়। যা মানুষ ও প্রাণীকুল একটি বিশেষ দুর্যোগে নিরাপদস্থান হিসেবে ব্যবহার করে।

**৮. উদ্দীপকে উল্লিখিত উপকূলীয় এলাকা পৃথিবীর অন্যতম দুর্যোপূর্ণ অঞ্চল হবার কারণ হচ্ছে—**
i. পার্শ্ববর্তী সাগরের ফানেল আকৃতি
ii. ক্রান্তীয় অঞ্চলের অবস্থান
iii. সমুদ্র সমতল হতে স্বল্প উচ্চতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. উদ্দীপকে উল্লিখিত দুর্যোগ নিচের কোনটি?**
ক) কালবৈশাখী খ) ঘূর্ণিঝড়
গ) সুনামী ঘ) টর্নেডো

**১০. বাংলাদেশের প্রশাসনিক বিভাগ কয়টি?**
ক) ৫ খ) ৬
গ) ৭ ঘ) ৮

**উদ্দীকটি পড় এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :—**

কাঁচামাল হিসেবে একটি ফসলকে কেন্দ্র করে বাংলাদেশের উত্তরবঙ্গে কিছু শিল্প গড়ে উঠেছে যা চট্টগ্রাম অঞ্চলে দেখা যায় না।

**১১. ফসলটি সবচেয়ে বেশি কোন দেশে উৎপন্ন হয়?**
ক) চীন খ) ব্রাজিল
গ) ভারত ঘ) মালদ্বীপ

**১২. উদ্দীপকের ফসলটি —**
i. ক্রান্তীয় ও উপক্রান্তীয় এলাকায় জন্মে
ii. চাষের জন্য বৃষ্টিপাতের দরকার হয়
iii. বেলে মাটিতে উৎপাদন ভাল হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. ২০০ পরিবারের অধিক একসাথে বসবাস করে কোন বসতিতে?**
ক) পল্লী খ) গ্রাম্য
গ) বিক্ষিপ্ত ঘ) নিবিড়

Teachingbd.com

১৪. নিম্নের মহাদেশগুলোর মধ্যে আয়তনে ক্ষুদ্রতম কোনটি?

ক) ইউরোপ খ) এন্টার্কটিকা
গ) উত্তর আমেরিকা
ঘ) দক্ষিণ আমেরিকা

১৫. বসতি গড়ে উঠার সাংস্কৃতির নিয়ামক কোনটি?

ক) ভূ-প্রকৃতি খ) জলবায়ু
গ) কৃষি ঘ) মাটি

**উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও ঃ—**

লিনজু নেত্রকোণার একটি গ্রামে কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করে সাভারের একটি গার্মেন্টসে চাকুরী নিয়েছে। সেখানেই সে বসতি গড়েছে।

১৬. উদ্দীপকে উল্লিখিত অভিগমনের ধরন কোনটি?

ক) পল্লী থেকে পল্লী
খ) পল্লী থেকে নগর
গ) নগর থেকে পল্লী
ঘ) নগর থেকে নগর

১৭. লিনজুর অভিগমন হচ্ছে —

i. অভ্যন্তরীণ ii. আকর্ষণজনিত
iii. বিকর্ষণজনিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. মানব ভূগোলের আলোচ্য বিষয় কোনটি?

ক) খনিজ খ) জলবায়ু
গ) ভূমিরূপ ঘ) হিমবাহ

১৯. বাংলাদেশের রপ্তানি আয়ের প্রধান উৎস কোনটি?

ক) পাটজাত দ্রব্য খ) কুটিরশিল্প
গ) পোশাক শিল্প ঘ) হিমায়িত চিংড়ি

২০. জনসংখ্যা বৃদ্ধির জন্য কোনটির উপর বিরূপ প্রভাব পড়ে না?

ক) জনস্বাস্থ্য খ) বাসস্থান
গ) জনশক্তি রপ্তানি
ঘ) আবাদযোগ্য জমি

২১. নিম্নের অপ্রচলিত পণ্য কোনটি?

ক) তৈরি পোশাক খ) কাঁচাপাট
গ) কাগজ ঘ) বিটুমিন

২২. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কোনটি?

ক) চা খ) পাট
গ) আখ ঘ) তামাক

**উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাওঃ—**

পুলক সাহেবের বয়স খুব বেশি নয়। তবে তিনি দূষিত পরিবেশে বসবাস করার জন্য দীর্ঘদিন যাবৎ শ্বাসকষ্ট ও ফুসফুসের প্রদাহজনিত রোগে ভুগছেন।

২৩. উদ্দীপকে ইঙ্গিতপূর্ণ দূষণ কোন ধরনের?

ক) শব্দ খ) বায়ু
গ) পানি ঘ) মাটি

২৪. উদ্দীপকে দূষণের কারণ হচ্ছে —

i. জমিতে রাসায়নিক সার ব্যবহার
ii. জ্বালানী হিসেবে কাঠের ব্যবহার
iii. রেফ্রিজারেটরের ব্যাপক ব্যবহার

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. দূরত্ব বেশি কোন রেলপথটি?

ক) ঢাকা—কুমিল্লা
খ) ঢাকা—জয়দেবপুর
গ) ঢাকা—ভৈরব
ঘ) ঢাকা—কিশোরগঞ্জ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | | |